**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/22/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল 8 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প সম্পূর্ণ হওয়ার কথা ঘোষণা করেছেন যা কোর্টল্যান্ড শহরে ইন্টারস্টেট 81 বরাবর দুটি ব্রিজ প্রতিস্থাপন করবে

***পরিত্যক্ত রেল লাইনের উপর নতুন ক্রসিংগুলি মধ্য নিউ ইয়র্কের গুরুত্বপূর্ণ ট্রাফিক ধমনী বরাবর যাতায়াত সহজ করবে এবং নতুন ভাগ-করে-ব্যবহারের পথের প্রবেশাধিকার সহজ করবে***

***এই বিনিয়োগ "CNY রাইজিং" এর পরিপূরক - যা কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল***

গভর্নর ক্যাথি হোচুল আজ 8 মিলিয়ন ডলারের একটি প্রকল্পের সমাপ্তির কথা ঘোষণা করেছেন যা কোর্টল্যান্ড কাউন্টির কোর্টল্যান্ড শহরে ইন্টারস্টেট 81 বরাবর দুটি সেতু প্রতিস্থাপন করেছে। দুটি পরিকাঠামো যা মূলত 1966 সালে দীর্ঘকাল পরিত্যক্ত লেহি ভ্যালি রেলপথের (Lehigh Valley Railroad) জন্য নির্মিত হয়েছিল, সেগুলি দুটি কংক্রিট বক্স কালভার্টের উপরে নির্মিত আধুনিক ক্রসিং দিয়ে প্রতিস্থাপিত হয়েছিল যা মধ্য নিউ ইয়র্কের সব চেয়ে গুরুত্বপূর্ণ ট্রাফিক ধমনীর একটিতে ভ্রমণকে সহজতর করবে এবং নিরাপত্তা বাড়াবে। বক্স কালভার্টগুলি হাইওয়ের নীচে একটি ভাগ-করে-ব্যবহারের পথ নির্মাণের সুবিধা দেবে যা কোর্টল্যান্ড শহর কল্পনা করেছে শহরতলীর রাস্তাগুলিকে ইয়ামান পার্কের সাথে সংযুক্ত করবে বলে, যা হল একটি জনপ্রিয় বিনোদন কেন্দ্র যা শহরতলীর কোর্টল্যান্ডের উত্তর-পূর্বে অবস্থিত।

"আঞ্চলিক পরিবহন নেটওয়ার্কগুলিকে আধুনিকীকরণের মতো প্রকল্পগুলি আমাদের অর্থনৈতিক প্রত্যাবর্তন অব্যাহত রাখতে এবং ভবিষ্যতে প্রতিযোগিতামূলক থাকার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো আছে তা নিশ্চিত করতে সহায়তা করছে," **গভর্নর হোচুল বলেন।** "এই সেতু প্রতিস্থাপন কোর্টল্যান্ড এলাকার যাত্রীদের এবং অন্যান্য গাড়িচালকদের একটি মসৃণ যাত্রা প্রদান করবে, এবং তার সাথে আগামী কয়েক দশক ধরে আরো নির্ভরযোগ্য এবং স্থিতিস্থাপক পরিবহন ব্যবস্থাকে সমর্থন করবে।"

নতুন ক্রসিংগুলিতে আরো বিস্তৃত শোল্ডার উপস্থিত যা মূল সেতুর তুলনায় বিদ্যমান হাইওয়ের সাথে বেশি সুবিন্যস্ত যার ফলে স্প্যানগুলি এবং রাস্তার মধ্যে একটি মসৃণ রূপান্তরন সম্ভব হয়। যেহেতু মহাসড়কের নীচে আর কোনও সক্রিয় রেলপথ নেই, তাই নতুন ক্রসিংগুলি ছোট, যা আরো ঐতিহ্যবাহী সেতুর কাঠামোর পরিবর্তে কংক্রিট বক্স কালভার্ট ব্যবহার করার অনুমতি দেয়। 17 ফুট লম্বা এবং প্রায় 20 ফুট চওড়া চারটি পাশ সহ কালভার্টগুলি অন-সাইট নির্মাণ করা

হয়েছিল 56,000 ঘন গজ ভরাট দিয়ে যা কাঠামোগুলিকে আবৃত করে এবং বাঁধটি তৈরি করে। কোর্টল্যান্ড শহরের ইয়ামান পার্কের অ্যাক্সেস উন্নত করার জন্য একটি নতুন ভাগ-করে-ব্যবহারের পথের পরিকল্পনা সহজ করার জন্য, বক্স কালভার্টগুলি বিনোদন কার্যক্রম এবং জরুরি যানবাহন, উভয়ের জন্যই তৈরি করা হয়েছিল।

প্রকল্পের নির্মাণ কাজ মে 2020 সালে শুরু হয়েছিল এবং একটি অস্থায়ী ক্রসওভার পুনর্বিন্যাস ব্যবহার করে ইন্টারস্টেট ট্র্যাফিক বজায় রাখা হয়েছিল।

**পরিবহন বিভাগের কমিশনার মেরি থেরেস ডোমিংগুয়েজ বলেন,** "এই প্রকল্পটি একটি 21 শতকের পরিবহন নেটওয়ার্ক তৈরি করে নিউ ইয়র্ক রাজ্যের অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করে যা ভ্রমণকে উন্নত করে, আমাদের সম্প্রদায়গুলিকে শক্তিশালী করে এবং অর্থনৈতিক বৃদ্ধিকে উদ্দীপিত করে। এই নতুন হাইওয়ে ক্রসিং এবং কালভার্টগুলি এই অঞ্চলের সবচেয়ে বেশি চলাচল করা রাস্তাগুলির মধ্যে একটির স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে এবং সেই সাথে বহু বছর ধরে এই গুরুত্বপূর্ণ করিডোরের মাধ্যমে মানুষ, পণ্য এবং বিনোদনমূলক সুযোগের ক্রমাগত প্রবাহ নিশ্চিত করতে সহায়তা করে।"

**সিনেটর পিটার ওবেরাকর বলেন,** "জনসাধারণের নিরাপত্তা ও অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি সুষ্ঠু পরিকাঠামো অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই ব্রিজ প্রতিস্থাপনগুলি মূল চাহিদা পূরণ করে যাতে নিশ্চিত করা যায় যে I-81 কোর্টল্যান্ড এবং এর বাইরে যারা বাস করেন এবং কাজ করেন তাদের চাহিদা মেটাতে থাকবে। কোর্টল্যান্ড শহরে ভবিষ্যতের বিনোদনের প্রয়োজনের দিকে নজর রেখে এই স্প্যানগুলি তৈরি করা এই প্রকল্পটিকে সাফল্যমণ্ডিত করে।"

**অ্যাসেম্বলি সদস্য আনা কেলস বলেন,** "কোর্টল্যান্ডের জন্য একটি গুরুত্বপূর্ণ সড়কপথে এই সেতুর আপগ্রেডের সমাপ্তি দেখে আমি আনন্দিত। বাসিন্দাদের এবং দর্শনার্থীদের জন্য নিরাপত্তা এবং উন্নত ভ্রমণের সহজতরতা নিশ্চিত করা হল সমাজে একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। আমি পথচারী এবং সাইকেল আরোহীদের জন্য কোর্টল্যান্ড শহর এবং ইয়ামান পার্কের মধ্যে অ্যাক্সেস বৃদ্ধির জন্য সম্প্রদায়ের সাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।"

**অ্যাসেম্বলি সদস্য জন লেমনডেস বলেন,** "আমি এই দেখে আনন্দিত যে আমাদের গ্রামীণ জনগোষ্ঠীতে বিনিয়োগ অব্যাহত আছে আমাদের সেতুগুলির জন্য ৪ মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের মাধ্যমে। কোর্টল্যান্ড কাউন্টি প্রচুর স্থানীয়দের যানবাহন পায়, এবং এটি আমাদের বাসিন্দাদের আগামী বহু বছর আরো ভালোভাবে পরিষেবা প্রদান করবে।"

টুইটারে নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগকে (New York State Department of Transportation) অনুসরণ করুন @NYSDOT এ এবং @NYSDOTSyracuse এ। ফেসবুকে আমাদের খুঁজে পান এখানে Facebook.com/NYSDOT।

**CNY রাইজিং-এর ত্বরান্বিতকরণ**

এই নির্মাণ কাজ "CNY রাইজিং" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটির উন্নয়নের জন্য এই অঞ্চলের পরিপূর্ণ ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে নকশাকৃত এই পরিকল্পনা বৈশ্বিক বাজার সুবিধা থেকে লাভবান হওয়া, উদ্যোক্তাদের শক্তিশালী করা এবং একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি তৈরির দিকে মনোনিবেশ করে। এই অঞ্চল এখন আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ দিয়ে CNY রাইজিংকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ প্রাইভেট ব্যবসাগুলোকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও অনেক বেশি বিনিয়োগ করতে উৎসাহিত করবে - এবং এই অঞ্চলের জমা দেওয়া পরিকল্পনা অনুযায়ী 5,900টি পর্যন্ত নতুন চাকরির ব্যবস্থা হবে। আরো তথ্য এখানে উপলব্ধ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন